

যুগান্তর

পাহাড়তলীতে অপহৃত শিক্ষার্থী ঢাকায় উদ্ধার, গ্রেফতার ১

👤 পাহাড়তলী (চট্টগ্রাম) প্রতিনিধি

🕒 ১২ মার্চ ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

চট্টগ্রাম নগরীর পাহাড়তলী গার্লস স্কুলে যাচ্ছিল অপহৃত। কিন্তু স্কুলের ছুটির সময় শেষ হলেও বাড়ি বৃহস্পতিবার বিকালে না আসায় চারদিকে খোঁজাখুঁজি করে না পেয়ে পাহাড়তলী থানায় জিডি করেন তার বাবা মোহাম্মদ ফারুক।

জিডি হওয়ার পর থেকে মামলার তদন্ত কর্মকর্তা এসআই মনির ছায়া তদন্ত শুরু করেন। ঘটনাস্থলের সিসি ফুটেজ সংগ্রহ করে তথ্য অভিযানে যান ঢাকায়, অপহরণকারী মিনহাজুল আবেদিন সাইমনের ২৪২/২বি মালিবাগ চৌধুরী রামপুরা বাসা থেকে অপহৃতকে উদ্ধার ও অপহরণকারীকে গ্রেফতার করে চট্টগ্রাম পাহাড়তলী থানায় আনা হয়। অপহরণকারী মিনহাজুল আবেদিন সাইমন নরসিংদীর এমরানুল হকের ছেলে। ওসি মোস্তাফিজুর রহমান যুগান্তরকে বলেন, থানায় জিডি হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে র?্যাব ৩ সিপিসি ১ এর প্রযুক্তি সহায়তায় এ সফল অভিযান শেষ হয়েছে। অপহরণকারীকে কারাগারে প্রেরণ করা হয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023